জেন্ডার বলতে কী বোঝায়?

সাধারণ অর্থে জেন্ডার বলতে বোঝায় এক বিশ্লেষণের ধরন- যার সাহায্যে আমরা পৌরুষ ও নারীত্ব এবং তাদের সাথে যুক্ত ব্যবস্থাগুলির বিশ্লেষণ করি।

জেন্ডার রাজনীতির বহিঃপ্রকাশ - এর মাধ্যম কোনগুলি?

১। উৎপাদন সংক্রান্ত বাণিজ্য পুরুষ হাতে ন্যস্ত
২। ধর্ম
৩। অর্থনীতির পরিকাঠামো পুরুষের হাতে ন্যস্ত।
৪। নারীর শ্রমের মূল্য অস্বীকৃতি।
৫। রাজনীতিতে মহিলাদের অংশগ্রহণে বাধা
৬। সামাজিকক্ষেত্রগুলোতে পিতৃতান্ত্রিক পক্ষপাতিত্ব ইত্যাদি।

রাজনীতির ক্ষেত্রে জেন্ডার রাজনীতি কীভাবে প্রকাশিত হয়?

পৃথিবীর প্রায় সব দেশেই রাজনীতির ক্ষেত্রে অংশগ্রহণের ব্যাপারে মহিলাদের অংশগ্রহণ সামান্য। ফলে রাজনৈতিক ব্যবস্থা, শাসন, আইন-কানুন অধিকাংশই পুরুষের ইচ্ছাধীন।

জাতি বলতে কি বোঝায়?

D.N Mazumder এবং T.N Madan তাদের "An introduction to Social Anthropology" গ্রন্থে বলেছেন — "জাতি হল একটি নাম গোষ্ঠী। বস্তুত জাতি বলতে এক অন্তর্বৈবাহিক গোষ্ঠীকে বোঝায়", সমাজবিদ ক্লার্ক বলেন যে, "জাতি

Scanned with CamScanner

হল এমন অন্তর্বিবাহী গোষ্ঠী যার সদস্যরা সমমর্যাদা সম্পন্ন, যা বংশানুক্রমিক, যা তার সদস্যদের সামাজিক আদান-প্রদান সম্পর্কে কয়েকটি বিধিনিষেধ আরোপ করে, যা চিরাচরিত রীতি অনুসরণ করে এবং যা একই উৎপত্তির সূত্র দাবী করে।"

জাতির মূল উপাদান কি?

সমাজ বিবর্তনের ধারায় জাতি প্রথা উদ্ভবে শ্রম বিভাজনই ছিল জাতির মূল উপাদান।

জাতির দুটি বৈশিষ্ট্য লেখ?

১। জাতির সদস্যরা জন্মসূত্র দ্বারা নিয়ন্ত্রিত।
২। জাতির মধ্যে বৈবাহিক ক্ষেত্রে কঠোরতা বিশেষ লক্ষণীয়।

শ্রেণীর সংজ্ঞা দাও।

গিন্সবার্গ বলেছেন যে, সামাজিক শ্রেণী হল সমষ্টির একটি অংশ, যারা পরস্পর সাম্যের ভিত্তিতে প্রতিষ্ঠিত এবং শিক্ষার ভিত্তিতে অন্যান্য গোষ্ঠী থেকে আলাদা।

শ্রেণীর দুটি বৈশিষ্ট্য লেখ।

১। মানব সমাজের ক্রমবিকাশের বিভিন্ন পর্যায়ে বিভিন্ন উৎপাদন ব্যবস্থার সৃষ্টি হয়, প্রতিটি উৎপাদন ব্যবস্থার সাথে শ্রেণী অঙ্গাঙ্গীভাবে জড়িত।
২। দ্বন্দ্বের বিকাশের মাধ্যমে শ্রেণী চেতনা সুসংহত হয়।

Scanned with CamScanner